Lens Asia

LENS ASIA

১ অক্টোবর, ২০২৫

# নির্বাচনের পর অর্থনীতিতে আমূল পরিবর্তনের আভাস দিলেন আমীর খসরু



সংগৃহীত ছবি

বিএনপির স্থায়ী কমিটির সদস্য আমীর খসরু মাহমুদ চৌধুরী বলেছেন, আসন্ন নির্বাচনের পর দেশের অর্থনীতিতে বড় ধরনের পরিবর্তন আসবে। বিনিয়োগ, কর্মসংস্থান এবং শিল্প খাতকে পুনর্গঠনের মাধ্যমে নতুন দিগন্ত উন্মোচনের পরিকল্পনা তাদের হাতে রয়েছে।

বুধবার (১ অক্টোবর) টাঙ্গাইলের মির্জাপুর উপজেলায় রনদা প্রসাদ সাহা দুর্গা মন্দির পরিদর্শনকালে বিএনপির স্থায়ী কমিটির সদস্য আমীর খসরু মাহমুদ চৌধুরী বলেন, দেশ-বিদেশের বিনিয়োগকারীরা বর্তমানে অপেক্ষারত অবস্থায় আছেন। নির্বাচনের পর অর্থনৈতিক কর্মকাণ্ডে বড় ধরনের অগ্রগতি ও পরিবর্তন দেখা যাবে।

তিনি জানান, শিল্প খাতে যারা কর্মসংস্থান হারিয়েছেন তাদের পুনর্বাসনের পাশাপাশি নতুন কর্মসংস্থান সৃষ্টির উদ্যোগ নেওয়া হয়েছে। আঠারো মাসের মধ্যে এক কোটি কর্মসংস্থান তৈরির লক্ষ্য হাতে নেওয়া হয়েছে বলেও তিনি উল্লেখ করেন।

নির্বাচন প্রসঙ্গে তিনি বলেন, “পিআর পদ্ধতি চাইলে চাওয়া যাবে, সেটি জনগণের অধিকার। তবে এটি বাস্তবায়ন করতে হলে জনগণের ম্যান্ডেট নিয়ে সংসদে আসতে হবে।” দেশকে টিকিয়ে রাখতে হলে নির্ধারিত সময়ে নির্বাচন আয়োজনের বিকল্প নেই বলেও মন্তব্য করেন বিএনপির এই নেতা।

এসময় কেন্দ্রীয় বিএনপির শিশু বিষয়ক সম্পাদক আবুল কালাম আজাদ সিদ্দিকী, সহ-সংস্কৃতি বিষয়ক সম্পাদক সাঈদ সোহরাব, জেলা বিএনপির সভাপতি হাসানুজ্জামিল শাহিনসহ উপজেলা বিএনপির নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

LENS ASIA